



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

টেলিফোনঃ +৮৮০২২২৩৩৫৫৬২২

+৮৮০২২২৩৩৮৭৯৮৮

Email- dgmtrcasury@krishibank.org.bd

www.krishibank.org.bd

ডিএমডি(৩) পরিপত্র নং ১২/২০২৩

তারিখঃ ০৫-০৭-২০২৩ ইং

ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণ ও অগ্রিমের সুদ হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-০৯ তারিখ ১৯ জুন, ২০২৩ এর নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন ঋণের সুদ হার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলো।

- ০১। কৃষি ও পল্লী ঋণের সুদ হার ৯.১০% হারে পুনঃনির্ধারণ করা হলো (সংযুক্তি 'ক' মোতাবেক)।
- ০২। পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৪/২০১৬ তারিখ ২৫-০৭-২০১৬ এ বর্ণিত গ্রীন ব্যাংকিং, আমদানী ও রপ্তানী ঋণ ব্যতীত অন্যান্য খাতের সুদহার ১০.১০% পুনঃনির্ধারণ করা হলো।
- ০৩। ক্রেডিট বিভাগ হতে জারীকৃত পার্সোনাল লোন স্কীম (বেতনের বিপরীতে অগ্রিম), সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের বিশেষ ঋণদান কর্মসূচী এবং রুরাল এন্ড মাইক্রোক্রেডিট বিভাগ হতে জারীকৃত ১০/-টাকার হিসাবখারীদের জন্য পুনঃঅর্থায়ণ স্কীমের সুদ হার ১০.১০% হারে পুনঃনির্ধারণ করা হলো। তবে সিএমএসএমই ঋণ এবং ভোক্তা ঋণের (Consumer financing) আওতাধীন ব্যক্তিগত ঋণ (Personal loan) এর ক্ষেত্রে উল্লেখিত সুদহারের অতিরিক্ত সর্বোচ্চ ১% সুপারভিশন চার্জ আদায় করা যাবে। উক্ত সুপারভিশন চার্জ বছরে একবার আদায়/আরোপ করা যাবে। বার্ষিক ভিত্তিতে আরোপিত এ সুপারভিশন চার্জের উপর চক্রবৃদ্ধি হারে কোন চার্জ বা সুদ আরোপ করা যাবে না। তবে কোন ঋণ হিসাব বছরের মধ্যবর্তী সময়ে সমন্বিত করার ক্ষেত্রে ১% হারে আনুপাতিক সময়ের জন্য সুপারভিশন চার্জ আদায় করা যাবে।
- ০৪। শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে ২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখে জারীকৃত পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিবাউবি)পরিপত্র নং ১৩/২০২২ এর নির্দেশনা অনুযায়ী স্থায়ী আমানত ও বিভিন্ন সঞ্চয় স্কীমের বিপরীতে গৃহীত ঋণের সুদ হার সংশ্লিষ্ট আমানতের সুদ হার অপেক্ষা ৩% অধিক হারে সুদ হার কার্যকর থাকবে।
- ০৫। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে বিশেষ ঋণদান কর্মসূচী, কোভিড-১৯ সংক্রান্ত বিশেষ প্রণোদনা ও বাংলাদেশ ব্যাংকের বিশেষ নীতিমালার আওতায় বিতরণকৃত ঋণের ক্ষেত্রে সুদ হার ও পরিচালন সংক্রান্ত স্ব স্ব নীতিমালা বহাল থাকবে।
- ০৬। অত্র বিভাগ হতে জারীকৃত হিসাব পরিপত্র নং ১১/২০১৮ তারিখ ২০-০৮-২০১৮ এবং হিসাব পরিপত্র নং ০৭/২০২০ তারিখ ০১-১০-২০২০ এর সকল নির্দেশনা রহিত করা হলো।
- ০৭। পরিবর্তিত সুদ হার ০১-০৭-২০২৩ তারিখ হতে কার্যকর হবে।
- ০৮। যে সকল ঋণ হিসাব ইতোমধ্যে বন্ধ হয়েছে, সে সব ঋণ হিসাবের ক্ষেত্রে পরিবর্তিত সুদহার প্রযোজ্য হবে না।
- ০৯। উপরোক্ত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।


(সালমা বানু)


উপব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/টিএমডি-৮/২০২৩-২৪/১৪

তারিখঃ ০৫-০৭-২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। ষ্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি, ষ্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (ঋণ ও অগ্রিমের সুদের হার পুনঃনির্ধারণ পূর্বক পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/কর্পোরেট শাখাসমূহ।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ১০। নথি।


5.7.2023

(মোহাঃ আখিয়ারা খানম)

উপমহাব্যবস্থাপক

ফোন নং- +৮৮০২২২৩৩৫৫৬২২

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ

কৃষি ও পল্লী ঋণের সুদের হার পুনঃনির্ধারণ (০১/০৭/২০২৩ তারিখ হতে কার্যকর)

	কৃষি ও পল্লী ঋণের খাতসমূহ	০১/০৭/২০২৩ তারিখ হতে কার্যকর সুদ হার
০১।	কৃষি ঋণঃ (বার্ষিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য)	
	ক. শস্য ঋণ (বাংলাদেশ ব্যাংকের বার্ষিক কৃষি ঋণ কর্মসূচীর আওতায় আবর্তনশীল শস্যসহ অন্যান্য ফসল)	৯.১০%
	খ. ডাল, তৈল বীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য প্রদত্ত ঋণ (সরকারের নিকট হতে সুদ ভর্তুকী আদায়ের ক্ষেত্রে)	৪%
	গ. বি এ ডি সির সাথে চুক্তিবদ্ধ চাষীদের ঋণ	৯.১০%
	ঘ. তুলা চাষ	৯.১০%
	ঙ. ফুল চাষ	৯.১০%
	চ. মাশরুম চাষ	৯.১০%
	ছ. কলা চাষ	৯.১০%
	জ. পান বরজ	৯.১০%
	ঝ. রেশম পোকা চাষ	৯.১০%
	ঞ. নার্সারী ও উদ্যান উন্নয়ন	৯.১০%
	ট. ফলের বাগান (হার্টিকালচার)	৯.১০%
	ঠ. নারিকেল ও সুপারী চাষ	৯.১০%
	ড. গ্রামীণ অর্থ সংস্থান কর্মসূচী, আলু উৎপাদনের জন্য আদর্শ প্রকল্প (কেবল মাত্র ঢাকায়)	৯.১০%
	ঢ. বাউকুল ও আপেল কুল চাষ	৯.১০%
	ণ. ভূমিহীন ও বর্গা চাষীদের অনুকূলে গ্রুপ ভিত্তিক শস্য ঋণ	৯.১০%
	ত. লবণ চাষ	৯.১০%
	থ. লবন উৎপাদন (ক্ষুদ্র, প্রান্তিক ও বর্গা লবন চাষীদের প্রদত্ত ঋণ যার জন্য বাংলাদেশ ব্যাংক এ সুদ ক্ষতির ভর্তুকী দাবী পেশ করতে হবে)	৪%
	দ. অন্যান্য ফসল	৯.১০%
০২।	মৎস্য সম্পদ :	
	ক. মৎস্য চাষ	৯.১০%
	খ. চিংড়ি চাষ (গলদা চিংড়ি ও বাগদা চিংড়ি)	৯.১০%
	গ. ঘের পদ্ধতিতে গলদা চিংড়ি চাষ (পরিচালন ব্যয়) স্বল্প মেয়াদী	৯.১০%
	ঘ. জলমহাল ব্যবস্থাপনা ও মৎস্য আহরণ	৯.১০%
	ঙ. সামুদ্রিক মৎস্য আহরণ	৯.১০%
	চ. কৃষি ব্যাংক মৎস্য পল্লী নামীয় বিশেষ মৎস্য ঋণ	৯.১০%
	ছ. মৎস্য ও চিংড়ি হ্যাচারী	৯.১০%
০৩।	প্রাণী সম্পদ :	
	ক. ছাগল পালন	৯.১০%
	খ. গরু মোটাতাজাকরণ	৯.১০%
	গ. হালের বলদ/মহিষ ক্রয়	৯.১০%
	ঘ. গাভী পালন/দুগ্ধ খামার	৯.১০%
	ঙ. হাঁস-মুরগী পালন/খামার	৯.১০%
	চ. মিশ্র খামার	৯.১০%

চলমান পাতা-২

	ছ. ছাগল/ভেড়া পালন	
	১. ব্রিডিং ফার্ম	৯.১০%
	২. রেয়ারিং ফার্ম	৯.১০%
০৪।	খামার ও সেচ যন্ত্রপাতিঃ	
	ক. খামার যন্ত্রপাতি (ট্রাক্টর, পাওয়ার টিলার, হারভেস্টার ইত্যাদি)	৯.১০%
	খ. সকল সেচ যন্ত্রপাতি	৯.১০%
০৫।	বাংলাদেশ ব্যাংকের নির্দেশিত মেয়াদী কৃষি ঋণের আওতাভুক্তঃ	৯.১০%
	ক. গ্রামীণ পরিবহন (নৌকা, রিক্সা, ভ্যান, গরুর গাড়ী ইত্যাদি)	৯.১০%
	খ. অন্যান্য মেয়াদী কৃষি ঋণ	৯.১০%
০৬।	আর্থসামাজিক কর্মকাণ্ডঃ (বার্ষিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য)	
	ক. ছাগল উৎপাদনের মাধ্যমে দারিদ্র বিমোচন কর্মসূচী	৯.১০%
	খ. ক্ষুদ্র কৃষক ও ভূমিহীন শ্রমিক উন্নয়ন প্রকল্প (এসএফডিপি)	৯.১০%
	গ. মহিলাদের গাভী পালন ঋণ কর্মসূচী	৯.১০%
	ঘ. দারিদ্র বিমোচনে যৌথ গরু মোটাতাজাকরণ কর্মসূচী	৯.১০%
	ঙ. গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প	৯.১০%
	চ. ব্র্যাক বেঙ্গল ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ব্রীডিং ফার্ম স্থাপনে ঋণদান কর্মসূচী	৯.১০%
	ছ. ভেষজসহ সকল প্রকার গাছগাছড়ার নার্সারী স্থাপন	৯.১০%
	জ. উদ্যান উন্নয়ন	৯.১০%
	এ. বাঁশ উৎপাদন	৯.১০%
	ট. ভেষজ বাগান তৈরী	৯.১০%
	ঠ. নারিকেল বাগান	৯.১০%
	ড. পাটিপাতা	৯.১০%
	ঢ. বেত উৎপাদন	৯.১০%
	ণ. মাশরুম ঋণ	৯.১০%
	ত. পশু সম্পদ উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প	৯.১০%
	থ. মৎস্য সম্পদ উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প	৯.১০%
০৭।	অন্যান্য বিশেষ কর্মসূচীঃ (ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য)	
	ক. আদর্শ দুগ্ধ খামার	৯.১০%
	খ. শগুয়াপ (শস্য গুদাম ঋণ প্রকল্প)	৯.১০%


(মোঃ আল মামুন)
সহকারী মহাব্যবস্থাপক


(মোছা: আখিয়ারা খানম)
উপ-মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয় বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। নং ৬২২৫ তারিখ: ২০১৭/১৬ ডিএমডি-১৪৬ জিএম
--

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার নং-০৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ ডায়েরী নং ১৭২৫ তারিখ ২২/৭/১৭ নামঃ Mr. Biswanath S. পদবীঃ এজিএম/এসপিও/পিও/এসও/অফিসার/পরিদর্শক/ উপমহাব্যবস্থাপক
--

তারিখ: ১৯ জুন ২০২০
০৫ আষাঢ় ১৪৩০

উপব্যবস্থাপনা পরিচালক-৩ এর সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
তারিখ: ২২.০৬.২০
ডিজিএমঃ TMD
উপব্যবস্থাপনা পরিচালক-৩

প্রিয় মহোদয়,


ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে।

শিল্প ও ব্যবসা-বাণিজ্যসহ সার্বিক অর্থনীতির গতিধারা অব্যাহত রাখা ও দক্ষ ঋণ ব্যবস্থাপনা নিশ্চিতকরণের নিমিত্ত
ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঋণের বাজার ভিত্তিক সুদহার ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণীয় হবে:

- বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৮২ দিন মেয়াদি ট্রেজারি বিলের বাজার সুদকে ভিত্তি ধরে একটি রেফারেন্স রেট নির্ণয় করা হবে যা SMART (Six-Months Moving Average Rate of Treasury Bill) নামে অভিহিত হবে। ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক নির্ণীত এ SMART index প্রতিমাসের প্রথম কর্মদিবসে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশ করা হবে;
 - ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ৩% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে;
 - কৃষি ও পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে সর্বোচ্চ ২% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে;
 - সিএমএসএমই ঋণ এবং ভোক্তা ঋণের (Consumer financing) আওতাধীন পারসোনাল ঋণ (Personal loan) ও গাড়ি ক্রয় ঋণ (Auto Loan) এর ক্ষেত্রে উল্লিখিত সুদহারের অতিরিক্ত সর্বোচ্চ ১% সুপারভিশন চার্জ আদায় করা যাবে। উক্ত সুপারভিশন চার্জ বছরে একবার আদায়/আরোপ করা যাবে। বার্ষিক (Yearly) ভিত্তিতে আরোপিত এ সুপারভিশন চার্জের উপর চক্রবৃদ্ধি হারে কোন চার্জ বা সুদ আরোপ করা যাবে না। তবে কোন ঋণ হিসাব বছরের মধ্যবর্তী সময়ে সমন্বিত করার ক্ষেত্রে ১% হারে আনুপাতিক সময়ের জন্য সুপারভিশন চার্জ আদায় করা যাবে;
 - যে মাসের সুদহার নির্ধারণ করা হবে তার অব্যবহিত পূর্ববর্তী মাসের SMART কে ভিত্তি ধরে সুদহার নির্ধারণ করতে হবে। উদাহরণস্বরূপ, মার্চ মাসের সুদহার নির্ধারণে ফেব্রুয়ারি মাসের জন্য নির্ধারিত SMART কে বিবেচনায় নিতে হবে;
 - বাংলাদেশ ব্যাংক বা সরকার কর্তৃক গঠিত প্রণোদনা প্যাকেজ/বিশেষ তহবিলের আওতায় প্রদত্ত ঋণের সুদহার নির্ধারণে সংশ্লিষ্ট তহবিলের জন্য প্রণীত নীতিমালা প্রযোজ্য হবে। এতদ্ব্যতীত ক্রেডিট কার্ডের সুদহার নির্ধারণের ক্ষেত্রে ক্রেডিট কার্ড সংক্রান্ত বিদ্যমান সার্কুলার/সার্কুলার লেটারে বর্ণিত নির্দেশনা বলবৎ থাকবে।
২. উল্লিখিত পদ্ধতিতে সুদহার পরিবর্তনের ফলে গ্রাহকের ঋণের প্রদেয় কিস্তির পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিলে কিস্তি পুনঃনির্ধারণের পূর্বে আবশ্যিকভাবে গ্রাহককে অবহিত করতে হবে।

৩. ইসলামী শরীয়াহ ভিত্তিক পরিচালিত ব্যাংকসমূহ ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক ঘোষিত SMART কে ভিত্তি ধরে তার সাথে অনুচ্ছেদ ১(খ) ও ১(গ) এ বর্ণিত মার্জিন যোগ করে বিনিয়োগের বিপরীতে মুনাফার হার নির্ধারণ করবে। এতদ্ব্যতীত, অনুচ্ছেদ ১(ঘ) এ বর্ণিত সুপারভিশন চার্জ আদায় করতে পারবে;
৪. বিআরপিডি সার্কুলার নং-০৪ তারিখ ২৫ জানুয়ারি ২০১২ এর নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট মাসের ৭ তারিখের মধ্যে উক্ত মাসের ঘোষিত সুদহার বিবরণী Web Portal এর মাধ্যমে Enterprise Data Warehouse (EDW) -এ আপলোড চলমান থাকবে।
৫. কোন নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মাসের জন্য নির্ধারিত সুদহার কার্যকর হবে। সুদহার স্থির (Fixed) অথবা পরিবর্তনশীল (Variable) যে প্রকৃতিরই হোক না কেন তা ঋণ প্রদানের পূর্বে ঋণগ্রহীতার সম্মতিক্রমে নির্ধারিত হতে হবে। তবে পরিবর্তনশীল প্রকৃতির সুদহার প্রয়োগের ক্ষেত্রে প্রতি ০৬ মাস পর পর পরিবর্তন কার্যকর হবে।
উদাহরণস্বরূপ ০১ জানুয়ারি ২০২৪ তারিখে নতুন ঋণ প্রদান করা হলে পরিবর্তনশীল সুদহার ০১ জুলাই ২০২৪ তারিখে পরিবর্তনযোগ্য হবে।
৬. এ নির্দেশনা জারির প্রেক্ষিতে বিআরপিডি সার্কুলার নং-০৩ তারিখ ২৪ ফেব্রুয়ারি ২০২০ ও কৃষি/পল্লী ঋণের সুদহার সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-০৮ তারিখ ২২ এপ্রিল ২০২১ এর সকল নির্দেশনা রহিত করা হলো।
৭. এ নির্দেশনা ০১ জুলাই ২০২৩ তারিখ হতে কার্যকর হবে।
৮. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আলী আকবর ফরাজী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২

৫ - ৫৮৮